



ফাইভারে শুরু হোক ফ্রিল্যান্সিং ক্যারিয়ার

নাজমুল হক

শপিং ধারণার ওপর প্রতিষ্ঠিত সার্ভিস কেনাবেচার অনলাইন মার্কেট ফাইভার (www.fiverr.com) হচ্ছে দ্রুত জনপ্রিয় হওয়া একটি আন্তর্জাতিক অনলাইন মার্কেটপ্লেস, যেখানে ফ্রিল্যান্সারেরা (সাধারণত সেলার হিসেবে অভিহিত) তাদের কর্মপরিধি ও দক্ষতা সাপেক্ষে বায়ারদের জন্য উপযোগী সার্ভিসের বিভিন্ন প্যাকেজ তৈরি করে তা বিক্রির জন্য পসরা সাজিয়ে বসেন। ফাইভারে এরকম এক বা একাধিক প্যাকেজ মিলে তৈরি সার্ভিসগুলো 'গিগ' নামে পরিচিত, যার দাম ৫ ডলার থেকে শুরু করে ৫০০ ডলার পর্যন্ত হয়ে থাকে। উল্লেখ্য, প্রতি ৫ ডলার মূল্যের গিগ বিক্রিতে ফাইভার সেলারকে ১ ডলার চার্জ করে; অর্থাৎ যেকোনো পরিমাণ সেলের ২০ শতাংশ কাটা গিয়ে ৮০ শতাংশ রেভিনিউ সেলারের অ্যাকাউন্টে জমা হয়। যাই হোক, বর্তমানে ফাইভারে বিভিন্ন সার্ভিসের ওপর ৩০ লাখেরও বেশি গিগ অফার রয়েছে। Shai Winger এবং Micha Kaufman ২০০৯ সালে ফাইভার প্রতিষ্ঠা করেন, যার হেডকোয়ার্টার ইসরায়েলের তেলআবিবে অবস্থিত।

ফাইভারের স্বতন্ত্র বৈশিষ্ট্য

অন্যান্য ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেস থেকে ফাইভার নানা গুরুত্বপূর্ণ দিক দিয়ে আলাদা এবং খুবই ফ্রিল্যান্সার-ফ্রেন্ডলি। প্রথমত, অন্যান্য মার্কেটপ্লেসে যেমন কাজ শুরু করার জন্য অ্যাকাউন্ট তৈরি থেকে শুরু করে প্রোফাইল ও পোর্টফোলিও সাজানোর প্রক্রিয়াটি তুলনামূলক জটিল ও সময়সাপেক্ষ, সেখানে ফাইভারে অ্যাকাউন্ট তৈরি করে মোটামুটি কিছু বেসিক অ্যাকাউন্ট সেটিংস করে নিয়েই কাজ স্টার্ট করা যায়। দ্বিতীয়ত, প্রায় সব ফ্রিল্যান্স মার্কেটপ্লেসেই

ক্লায়েন্টরা তাদের নিজেদের কাজের প্রয়োজনীয় সার্ভিসটি প্রজেক্ট আকারে পোস্ট করে থাকেন এবং ফ্রিল্যান্সারেরা কাজটি পাওয়ার জন্য একটি সুবিবেচিত বিডিং, অভিজ্ঞতাস্বরূপ সমজাতীয় কিছু নমুনা কাজের লিংকসহ একটি আবেদনপত্র ক্লায়েন্ট বরাবর সাবমিট করে থাকেন। সে ক্ষেত্রে শত থেকে শুরু করে হাজারেরও বেশি ফ্রিল্যান্সার আবেদন করে থাকেন এবং ক্লায়েন্ট বিভিন্ন বিষয় পর্যবেক্ষণ করে পছন্দমতো কিছু আবেদনকারীর ইন্টারভিউ নিয়ে এদের মধ্যে একজনকেই ওই নির্দিষ্ট প্রজেক্টটি দিয়ে থাকেন। সেজন্য এসব মার্কেটপ্লেসে কাজ পাওয়া তুলনামূলক বেশি প্রতিযোগিতাপূর্ণ হয়। অন্যদিকে ফাইভারের ক্ষেত্রে ফ্রিল্যান্স প্রফেশনালেরা নিজেরাই কোনো বিষয়ে তাদের দক্ষতাকে নির্দিষ্ট মূল্যের ছোট ছোট গিগ আকারে সাজিয়ে ক্লায়েন্টের কাছে উপস্থাপন করেন এবং ক্লায়েন্ট তার প্রয়োজনীয় গিগটি অর্ডার করেন। তৃতীয়ত, অন্যান্য মার্কেটপ্লেসে একটি প্রজেক্ট শেষ হওয়ার পর তার আর কোনো কার্যকারিতা থাকে না, কিন্তু ফাইভারে একটি গিগ একই এবং ভিন্ন ক্লায়েন্টের কাছে একাধিকবার বিক্রি হয়ে থাকে। পাশাপাশি এডিশনাল ফিচারস সংবলিত এসব গিগের এক্সটেন্ডেড গিগ-ভার্সনগুলো ক্লায়েন্টের কাছে অফার করে ফ্রিল্যান্সারেরা প্রচুর আপসেলিং করে থাকেন। সর্বোপরি, সাধারণত

মার্কেটপ্লেসগুলোতে কোনো প্রজেক্ট কাজ করতে হলে ওই প্রজেক্টের চাহিদার পাশাপাশি প্রাসঙ্গিক অন্যান্য বিষয়েও গভীর ধারণা ও জ্ঞান থাকা অনেক ক্ষেত্রেই বাধ্যতামূলক। কিন্তু ফাইভারেই সম্ভবত একমাত্র মার্কেটপ্লেস, যেখানে ন্যূনতম মাত্র ৫ ডলার মূল্যের কাজ জানা আছে এমন যেকোনো ওই মূল্যের একটি গিগ তৈরি করে বায়ারদের কাছে অফার করতে পারেন।

কাজের ধরন

মূলত ডিজিটাল সার্ভিস কেনাবেচার জন্য একটি দ্বিমুখী (শুধু বায়ার এবং সেলার সমন্বয়ে) প্ল্যাটফর্ম হিসেবে ফাইভার প্রতিষ্ঠিত হয়। সেখানে বিভিন্ন ক্যাটাগরির সার্ভিসের মধ্যে রয়েছে- গ্রাফিক্স অ্যান্ড ডিজাইন, ডিজিটাল মার্কেটিং, রাইটিং অ্যান্ড ট্রান্সল্যাশন, ভিডিও অ্যান্ড এনিমেশন, মিউজিক অ্যান্ড অডিও, প্রোগ্রামিং অ্যান্ড টেকনোলজি, অ্যাডভার্টাইজিং ও বিজিনেসসহ অন্যান্য। আর এসব ক্যাটাগরির অধীনে রয়েছে হাজারো রকমের সাব-ক্যাটাগরির সমাবেশ। যেমন- গ্রাফিক্স অ্যান্ড ডিজাইন ক্যাটাগরির কাজের মধ্যে রয়েছে লোগো ডিজাইন, বিজিনেস কার্ড অ্যান্ড স্টেশনারি, ফ্লায়ারস অ্যান্ড পোস্টারস, ব্যানারস অ্যান্ড অ্যাডস, ইল্যাক্সেশন, কার্টুন অ্যান্ড ক্যারিক্যাচারস, ফটোশপ এডিটিং, বুক কাভারস অ্যান্ড প্যাকেজিং, ইনভাইটেশনস, ওয়েব অ্যান্ড মোবাইল ডিজাইন, টি-শার্ট, সোশ্যাল মিডিয়া ডিজাইন, ইনফোগ্রাফিক্স ইত্যাদি। এভাবে প্রত্যেক ক্যাটাগরির সার্ভিসের জন্যই রয়েছে এরকম অসংখ্য নির্দিষ্ট কাজের সাব-ক্যাটাগরি। অর্থাৎ এমন কোনো দক্ষ ব্যক্তি হয়তো খুঁজে পাওয়া যাবে না, যার জন্য ফাইভারে কাজের

কোনো ক্ষেত্র নেই।

বিভিন্ন ক্যাটাগরির কাজের কয়েকটি গিগ পর্যালোচনা করলেই সেসব কাজের আওতা ও পরিধি সম্পর্কে আরও স্পষ্ট ধারণা পাওয়া যাবে। ফাইভারে ওয়েব ডিজাইন ক্যাটাগরির কয়েকটি গিগের টাইটেল এরকম- # I will design and develop fully responsive website for \$5 # I will make



Professional and good looking Websites and solve issues for \$5 # I will customize or edit your website Design # I will give you clean HTML coming soon page for \$5.

একটি নির্বাচিত গিগের গাঠনিক উপাদান

একটি আদর্শ গিগ কী কী এলিমেন্ট নিয়ে গঠিত, তার ধারণা দিতে নিচে ফাইভারে গ্রাফিক্স ক্যাটাগরির একটি ফিচারড গিগ নিয়ে আলোচনা করা হলো।

আলোচ্য গিগটি পোস্ট করেছেন jhonml044, যিনি শ্রীলঙ্কা থেকে ফাইভারের একজন টপ রেটেড সেলার। মূলত স্ট্যান্ডার্ড, প্রিমিয়াম এবং প্রো- এই ▶